



## শিক্ষাঙ্গন

### মেডিকেল কলেজে ভর্তি প্রসঙ্গে

এবার মেডিকেল কলেজে ছাত্র-ভর্তি সম্বন্ধে একটা নতুন নিয়ম চালু করা হয়েছে এবং তা হচ্ছে শুধু একশ' নাম্বারের লিখিত পরীক্ষার উপরই একজন ছাত্রের মেধা নির্ণয় করা এবং তাকে ভর্তির সুযোগ দেয়া। কিন্তু শুধু একটা পরীক্ষার ভিতর দিয়ে একজন ছাত্রের পুরাপুরি মেধা নির্ণয় করা কি সম্ভব?

পূর্বে ভর্তির ব্যাপারে তিনটি বিষয়ের উপর গুরুত্ব আরোপ করা হত, যেমন:—

(১) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার নম্বর। (২) লিখিত টেস্ট পরীক্ষা এবং (৩) মৌখিক পরীক্ষা। অনেক ছাত্র নকল করে পরীক্ষায় বেশী নম্বর সংগ্রহ করে। সুতরাং এবার ঐ নম্বরের উপরে কোন গুরুত্ব

দেয়া হচ্ছে না অর্থাৎ ঐ নম্বরের সাথে কোন নম্বরই যোগ হবে না। আর যেহেতু মৌখিক পরীক্ষায় কিছুটা পক্ষপাতিত্বের সুযোগ থাকে, তাই এই পরীক্ষাও বাদ দেয়া হয়েছে। যুক্তি যা দেখানো হয়েছে তা অমূলক নয়। কিন্তু তাই বলে একটা লিখিত পরীক্ষাই কি একজন ছাত্রের মেধা নির্ণয় করার কাজ করবে? ঐ লিখিত পরীক্ষার দিন, শারীরিক অসুস্থতা বা অন্য কোন কারণে একজন ছাত্র কি কম নম্বর পেতে পারে না? কোন ছাত্র কি প্রশ্নের ব্যাপারে কিছুটা ইংগিত পেতে পারে না? কেউ কেউ কি পরীক্ষার হলে কারো কাছ থেকে কিছুটা সাহায্য পেতে পারে না? তদুপরি সব পরীক্ষকের হাতে কি সমান নম্বর উঠতে পারে? কোন পরীক্ষক একজনের ৬০ নম্বর দিলে অপরজন সেই খাতায় ৬৫ নম্বর দিতে পারে না। এই সামান্য তফাৎ কি

এই ভর্তি পরীক্ষার ক্ষেত্রে কোন তারতম্য ঘটায় না। অথচ ফল বের হবার পর এক নম্বরের জন্য একজন ছাত্রের পজিশনের অনেক পরিবর্তন ঘটে। কাজেই শুধু একটা পরীক্ষার ভিতর দিয়ে একজন ছাত্রের পুরোপুরি যোগ্যতা যাচাই করা সম্ভব নয়। বরং বিভিন্ন বিষয়ের ভিতর দিয়েই একজনের যোগ্যতা বিচার করা অধিক যুক্তিসংগত। এদিক থেকে আগের পদ্ধতিই অনেকটা ভাল ছিল, কিন্তু তার মধ্যে কিছুটা ত্রুটি ছিল। যার জন্য নকলের ছাত্ররা ভাল ছাত্রদের সহজে ডিফিগিয়ে যাওয়ার সুযোগ পেত। সব দিক বিবেচনা করে আমি এখানে এমন একটা প্রস্তাব রাখছি যা অবলম্বন করলে একজন ভাল ছাত্রকেও যাচাই করা যাবে, সেই সংগে নকলকারীকেও ঠেকানো যাবে।

(১) লিখিত টেস্ট পরীক্ষায় একশ'

নম্বরই রেখে এই পরীক্ষার উপরই সর্বাধিক গুরুত্ব দেয়া হোক।

(২) এসএসসি এবং এইচএসসি পরীক্ষার নম্বরের উপর শতকরা দশ নম্বরের পরিবর্তে শতকরা মাত্র এক নম্বর দেয়া হোক অর্থাৎ দুইশ' নম্বরের পরিবর্তে মাত্র বিশ নম্বর রাখা হোক, যাতে নকলকারীরা তেমন কোন সুযোগ না পায়।

(৩) একজন ছাত্র সুস্থ কিনা অন্ততঃ এই টুকু দেখার জন্য এবং মেডিকেল কলেজের মত একটা কলেজে ভর্তি হওয়ার মত তার মোটামুটি একটা যোগ্যতা এবং মনমানসিকতা আছে কিনা, সে টুকু যাচাইয়ের জন্য মৌখিক পরীক্ষা একান্ত দরকার। তবে এখানেও নম্বর মাত্র বিশ রাখলেই চলবে, যাতে বিশেষ পক্ষপাতিত্বের কোন সুযোগ না থাকে।

—ডাঃ (ক্যান্টেন) আব্দুল বাছেত